# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 17 April, 2025

অন্তর্বর্তীকালীন সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে এসেছেন ঢাকা সফররত পাকিস্তানের পররাষ্ট্রসচিব আমনা বালুচ।

বৃহস্পতিবার (১৭ এপ্রিল) বেলা ২টার পর উপদেষ্টার সঙ্গে সাক্ষাত করতে আসেন আমনা বালুচ।

এর আগে, রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে পররাষ্ট্র সচিব পর্যায়ে আলোচনার প্ল্যাটফর্ম ফরেন অফিস কনসালটেশন বা এফওসি বৈঠকে ইসলামাবাদের নেতৃত্ব দেন বালুচ।অন্যদিকে, ঢাকার পক্ষে নেতৃত্ব দেন পররাষ্ট্রসচিব মো. জসীম উদ্দিন।

দুই ঘণ্টার বেশি সময় বৈঠক এবং মধ্যাহ্নভোজ শেষে পররাষ্ট্র মন্ত্রণালয়ে আসেন বালুচ।তবে ওই বৈঠকে আলোচনা নিয়ে এখনো কোনো পক্ষ গণমাধ্যমে কথা বলেনি।পাকিস্তানের দিক থেকে গণমাধ্যমে কথা বলবে কিনা, সেটি নিশ্চিত নয়।তবে বৈঠক নিয়ে বাংলাদেশের পররাষ্ট্রসচিব বিকেলে গণমাধ্যমকে ব্রিফ করবেন।

বৈঠকের আলোচনা হওয়া বিষয়ে এখনো কিছুই জানা না গেলেও পারস্পরিক বোঝাপড়া আর রাজনৈতিক সম্পর্ক উন্নয়নে উভয়পক্ষের জন্য বৈঠকটি তাৎপর্যপূর্ণ ছিল।কেননা, এক যুগের বেশি সময় পর দুই দেশের মধ্যে ৬ষ্ঠ পররাষ্ট্র সচিব পর্যায়ের বৈঠক ছিল এটি।২০১০ সালে সর্বশেষ ইসলামাবাদে বৈঠকে বসেছিল দুই দেশের তৎকালীন পররাষ্ট্রসচিব।

সূচী অনুযায়ী, পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গে সাক্ষাতের পর আমনা বালুচ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাতে যাওয়ার কথা রয়েছে।

দ্বিপক্ষীয় সম্পর্কের সার্বিক বিষয়ে আলোচনা করতে বুধবার ঢাকায় আসেন আমনা বালুচ। বিমানবন্দরে তাকে স্বাগত জানান পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (দক্ষিণ এশিয়া অনুবিভাগ) ইশরাত জাহান।

পররাষ্ট্র মন্ত্রণালয় অন্তর্বর্তীকালীন সরকার পররাষ্ট্র উপদেষ্টা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 20:40

URL: https://www.timestodaybd.com/public/national/566276976